

রাজশাহী বিভাগে করোনা ভাইরাস প্রতিরোধ ও মোকাবিলার লক্ষ্যে বিভাগীয় কমিটির জুন/২০২২ মাসের সভার
কার্যবিবরণী

সভাপতি	জি এস এম জাফরউল্লাহ এনডিসি বিভাগীয় কমিশনার
সভার তারিখ	২০ জুন, ২০২২ খ্রি.
সভার সময়	বেলা ১২.৪৫ ঘটিকা
স্থান	বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি জানান যে, কোভিড-১৯ এর প্রাদুর্ভাব নতুন করে বৃদ্ধি পাওয়ায় এ বিভাগে আক্রান্তের হার বৃদ্ধি পেয়েছে। উক্ত পরিস্থিতি মোকাবিলায় আমাদের সর্বদা সতর্ক থাকতে হবে। এ লক্ষ্যে কোভিড প্রাদুর্ভাব প্রতিরোধে ভ্যাকসিন প্রদান, মাস্ক পরিধান নিশ্চিতকরণ ও স্বাস্থ্যবিধি অনুসরণসহ মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারিকৃত সরকারি নির্দেশনা বাস্তবায়নে যথাযথ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

সভাপতির অনুমতিক্রমে পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী ও সদস্য-সচিব, গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণীটি দৃষ্টিকরণ করা হয়। অতঃপর বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি এবং করোনা পরিস্থিতির সর্বশেষ তথ্যাবলী সভায় উপস্থাপন করা হয়। তিনি জানান যে, বিগত সভায় গৃহীত ৯টি সিদ্ধান্তের মধ্যে ৯টিই বাস্তবায়িত হয়েছে এবং বাস্তবায়ন হার ১০০%।

তিনি জানান যে, কোভিড-১৯ পরিস্থিতি কিছুদিন ভালোই ছিল, এখন আবার সংক্রমণ বাড়তে শুরু করেছে। সবাইকে আগের অভিজ্ঞতা নিয়ে প্রস্তুত থাকার বিষয়ে সভায় আলোচনা করা হয়। আরটিপিসিআর, জিন এক্সপার্ট এবং র্‌যাপিড এন্টিজেন এই ৩টি পদ্ধতিতে কোভিড নমুনা করা হয়ে থাকে। গত ১৯ মে, ২০২২ থেকে ১৯ জুন, ২০২২ পর্যন্ত এক মাসে ৪৩১৩ টি নমুনা পরীক্ষায় ২৬ জন কোভিড শনাক্ত হয়েছে। কোনো মৃত্যু হয়নি। রাজশাহী বিভাগে শুরু থেকে এ যাবৎ পর্যন্ত অর্থাৎ ২০২০, ২০২১ এবং ২০২২ সালের ১৯ জুন পর্যন্ত মোট নমুনা পরীক্ষা করা হয়েছে ৮,৬২,৮৩১। তন্মধ্যে শনাক্ত হয়েছে ১,১৯,২৬৫ জন। গড় শনাক্তের হার ১৩.৮২%। সুস্থ হয়েছে ১,১৬,৯৪৯ জন। সুস্থতার হারও ভালো ৯৮%। মোট মৃত্যু হয়েছে ১,৭৪৮ জন। গড় মৃত্যুহার ১.৪৭%। সবচেয়ে বেশি মৃত্যু হয়েছে বগুড়া জেলায় ৭০৫ জন। রাজশাহী জেলায় মৃত্যু হয়েছে ৩৪২ জনের। বাকীরা অন্যান্য জেলায় মৃত্যুবরণ করেছেন। কোভিড-১৯ প্রতিরোধে ১৯ জুন, ২০২২ তারিখ পর্যন্ত ১ম ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে ১,৫৮,১২,৫৪৯। ২য় ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে ১,৪৬,৬৪,৬৮৬। বুস্টার ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে ২৮,৯৯,০৭১। সর্বমোট ভ্যাকসিন প্রদান করা হয়েছে ৩,৩৩,৭৬,৩০৬ ডোজ। কোভিড-১৯ সংক্রমণরোধে বুস্টার ডোজ প্রদান আরো জোরদার করা এবং ভ্যাকসিন নেয়ার পরেও সামাজিক দূরত্ব বজায় রাখা এবং মাস্ক ব্যবহার অর্থাৎ স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে সভায় আলোচনা করা হয়। কোভিড-১৯ মোকাবিলায় সরকারি নির্দেশনা যথাযথ বাস্তবায়ন এবং ভারত থেকে অবৈধভাবে কেহ যাতে দেশে যাওয়া আসা না করতে পারে সে বিষয়ে সীমান্তে টহল বৃদ্ধির ব্যবস্থা করা আবশ্যিক।

পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল জানান যে, কোভিড-১৯ এর প্রাদুর্ভাব নতুন করে বৃদ্ধি পাওয়ার ফলে আক্রান্তের হার বৃদ্ধি পেয়েছে। তবে পরিস্থিতি মোকাবিলায় হাসপাতালে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। পর্যাপ্ত সংখ্যক শয্যা প্রস্তুত আছে।

পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, জেলা তথ্য অফিস, রাজশাহী বলেন যে, কোভিড-১৯ প্রতিরোধে জনগণকে উদ্বুদ্ধ ও

সচেতন করার জন্য সরকারি নির্দেশনাসমূহ শহরের গুরুত্বপূর্ণ স্থানসমূহে প্রচার কার্যক্রম চলমান রয়েছে।

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, বলেন, এ বিভাগে সরকারি নির্দেশনামতে স্কুলের ১২-১৮ বছর বয়সী শিক্ষার্থীদের টিকা প্রদান করা হয়েছে।

অতিরিক্ত পুলিশ কমিশনার (আরএমপি), রাজশাহী জানান যে, রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় কোভিড-১৯ প্রতিরোধে জনগণকে মাস্ক পরিধানে উদ্বুদ্ধ করতে মেট্রোপলিটন পুলিশের কার্যক্রম অব্যাহত রয়েছে।

অতিরিক্ত ডিআইজি, রাজশাহী জানান যে, এ বিভাগে প্রতিটি জেলায় কোভিড-১৯ প্রতিরোধে সরকারি নির্দেশনা বাস্তবায়নে জনগণকে মাস্ক পরিধানে উদ্বুদ্ধকরণসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ করোনা প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধি অব্যাহত রাখতে হবে মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন।

সভায় মসজিদ, মাদ্রাসা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে মাস্ক ব্যবহার করার বিষয়ে আলোচনা করা হয়। করোনা সংক্রমণ এড়াতে পাঁচ ওয়াক্ত নামাজসহ জুমার খুতবায় মাস্ক ব্যবহারের গুরুত্ব ও স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। এ বিষয়টি মনিটরিং করার জন্য পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহীকে এ কমিটিতে কো-অপ্ট করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

সভাপতি বলেন, কোভিড-১৯ এর প্রাদুর্ভাব প্রতিরোধে মাস্ক পরিধান নিশ্চিতকরণ, সচেতনতা ও মোবাইল কোর্ট পরিচালনাসহ সরকারি নির্দেশনা বাস্তবায়নে যথাযথ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। এছাড়া বিভাগের প্রতিটি জেলায় করোনা টেস্ট ও টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। সরকারি নির্দেশনাসমূহের বিষয়ে জনগণের মাঝে ব্যাপক প্রচার-প্রচারণা চালাতে হবে। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালসহ অন্যান্য হাসপাতালে করোনা রোগীদের চিকিৎসার জন্য প্রয়োজনীয় শয্যা প্রস্তুত রাখতে হবে। মাস্ক পরিধান নিশ্চিতকরণ ও সরকারি নির্দেশনা প্রতিপালনের জন্য মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। তিনি জানান, মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারিকৃত সরকারি নির্দেশনা বাস্তবায়নে সকল সদস্যদের অনুরোধ জানান এবং এ বিভাগের করোনা মোকবিলায় সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

অতপর: সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ-

ক্র. নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	গত ২৫ জানুয়ারি, ২০২২ তারিখে অনুষ্ঠিত রাজশাহী বিভাগে করোনা ভাইরাস প্রতিরোধ ও মোকাবিলার লক্ষ্যে বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী
২	গত ২৫ জানুয়ারি, ২০২২ তারিখে অনুষ্ঠিত রাজশাহী বিভাগে করোনা ভাইরাস প্রতিরোধ ও মোকাবিলার লক্ষ্যে বিভাগীয় কমিটির সভায় ৯টি সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত ৯টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। সিদ্ধান্ত বাস্তবায়ন হার ১০০%। সিদ্ধান্ত বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।	পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী ও কমিটির সদস্য-সচিব
৩	করোনা সংক্রমণের প্রকৃতি নির্ণয়ের লক্ষ্যে বিভাগের প্রতিটি জেলায় করোনা টেস্ট অব্যাহত রাখতে হবে।	১। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ
৪	করোনা ভাইরাস মোকবিলায় কোভিড-১৯ এর বুস্টার ডোজ প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং সকলকে টিকা গ্রহণে উদ্বুদ্ধ করতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	১। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ
৫	সরকারি নির্দেশনামতে স্কুলের শিক্ষার্থীদের টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী

৬	ভারত থেকে অবৈধভাবে কেহ যাতে দেশে যাওয়া আসার মাধ্যমে কোভিড-১৯ বিস্তার না ঘটতে করতে পারে সে বিষয়ে এ বিভাগের সীমান্তে টহল বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।	১। রিজিয়ন কমান্ডার, বিজিবি, রংপুর ২। সেক্টর কমান্ডার, বিজিবি, রাজশাহী ৩। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
৭	করোনা সংক্রমণ এড়াতে মসজিদ, মাদ্রাসা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে মাস্ক ব্যবহার ও স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহীকে অত্র কমিটিতে কো-অপ্ট করতে হবে।	১। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ৩। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
৮	মাস্ক পরিধান, সামাজিক দূরত্ব বজায় রাখা, স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ
৯	করোনা মোকাবিলায় স্বাস্থ্যবিধিসহ সরকারি নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে প্রচার-প্রচারণাসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে।	১। উপমহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী ২। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী ৩। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ৪। পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, জেলা তথ্য অফিস, রাজশাহী

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.০৫.০০১.২১.২৪৬


তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৯

২৯ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
- ৩) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)
- ৪) উপমহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
- ৫) পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৬) পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল
- ৭) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৮) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী
- ৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
- ১০) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
- ১১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
- ১২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
- ১৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
- ১৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ

- ১৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
- ১৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
- ১৭) পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী
- ১৮) পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ১৯) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
- ২০) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল
- ২১) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল
- ২২) রিজিয়ন কমান্ডার, বিজিবি, রংপুর
- ২৩) সেক্টর কমান্ডার, বিজিবি, রাজশাহী
- ২৪) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ২৫) উপপরিচালক, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, রাজশাহী
- ২৬) সহকারী কমিশনার, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ২৭) উপ-প্রশাসনিক কর্মকর্তা, গোপনীয় শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ২৮) উপ-প্রশাসনিক কর্মকর্তা, সার্বিক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী



এ. এন. এম. মঈনুল ইসলাম
অতিরিক্ত বিভাগীয় কমিশনার